গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ২৪৪ তারিখ: ২৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকা সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২২-২০২৩/৫৩৯৯ তারিখ: ১৯/০৮/২০২৫ মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত হারে ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেটওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি জমাদানপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষ হোক না কেন) বর্তমানে অধ্যায়নরত থাকলে তাকে অবশ্যই ২৮ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে বিষয় পরিবর্তন ও কোটার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | বিষয় পরিবর্তন:<br>মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহণের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। উল্লেখ্য যে, পরিবর্তিত বিষয়ে অনলাইল হতে ডাউনলোডকৃত ভর্তি আবেদন সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।<br>১) বিষয় পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কতৃর্ক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>২) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ২৫/০৮/২০২৫<br>থেকে<br>০১/০৯/২০২৫ |
| ২) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login লিংকে ক্লিক করে ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ২৫/০৮/২০২৫<br>থেকে<br>০১/০৯/২০২৫ |
| ৩) | কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ | ২৬/০৮/২০২৫<br>থেকে<br>০৩/০৯/২০২৫ |
| ৪) | কোটার মেধা তালিকায় ভর্তি নিশ্চয়নকৃত বিবরণী (০২ সেট) ভর্তি কমিটির নিকট জমাদানের তারিখ | ০৪/০৯/২০২৫<br>দুপুর ১২:০০ টা |

**ভর্তি ফি এর পরিমাণ:**

| **বিভাগের নাম** | **টাকার পরিমাণ** | **মন্তব্য** |
|---|---|---|
| বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৪৩২৫/- | সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা | ৪৪১৫/- | |

**বিশেষ জরুরি দ্রষ্টব্য:** কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

ভর্তির আবেদনপত্রের সাথে যেসব কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) অন-লাইন হতে ডাউনলোডকৃত ভর্তি আবেদন ফরম ০২ (দুই) কপি;

(খ) অনলাইনে ভর্তির যাবতীয় ফি প্রদানের অনলাইন প্রিন্ট কপি;

(গ) অনলাইনে প্রাথমিক আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা প্রদানের অনলাইন প্রিন্ট কপি;

(ঘ) ডিগ্রি পাস/সমমানের নম্বরপত্রের ফটোকপি;

(ঙ) ডিগ্রি পাস/সমমানের সনদপত্রের ফটোকপি;

(চ) ডিগ্রি পাস রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি;

(ছ) এস.এস.সি, এইচ.এস.সি ও ডিগ্রি পাস/সমমানের সকল মূল নম্বরপত্র ও সনদপত্র।

(জ) দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গিকারনামার সত্যায়িত কপি;

(ঝ) পাসপোট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(ঞ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধি/পোষ্য কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্র দাখিল করতে হবে।

(সকল কাগজপত্র একটি (12"x10") খাঁকি খামে ঠিকানা ও মোবাইল নম্বরসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে)

প্রতিস্বাক্ষর

২৪/০৮/২০২৫

(প্রফেসর ড. মো. আব্দুর রাজ্জাক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

24-8.25

(মো. দেলোয়ার হোসেন)
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি, রেজিস্টেশন ও পরীক্ষা কমিটি ২০২২-২৩
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ

২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ

৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ

৪। অফিস নথি